



শাহ্ মোঃ ইমদাদুল হক
চেয়ারম্যান (গ্রেড-১)
বিসিআইসি।

সরকারের অতিরিক্ত সচিব জনাব শাহ্ মোঃ ইমদাদুল হক বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের (বিসিআইসি) চেয়ারম্যান (গ্রেড-১) হিসেবে গত ২৮ জুন, ২০২১ ইং তারিখ যোগদান করেছেন। জনাব শাহ্ মোঃ ইমদাদুল হক বিসিএস (প্রশাসন) ক্যাডারে সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট হিসেবে চাকুরীতে যোগদানের পর মাঠ পর্যায়ে সহকারী কমিশনার, সিনিয়র সহকারী কমিশনার, উপজেলা নির্বাহী অফিসার হিসেবে বিভিন্ন জেলায় সাফল্যের সাথে দায়িত্ব পালন করেছেন। তিনি ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা, সিভিল এভিয়েশনের মেম্বার সিকিউরিটি, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ইআরডিসহ বিভিন্ন মন্ত্রণালয়ে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন। জনাব শাহ্ মোঃ ইমদাদুল হক বিসিআইসি'তে যোগদানের পূর্বে মৎস ও প্রাণীসম্পদ মন্ত্রণালয়ে অতিরিক্ত সচিব হিসেবে কর্মরত ছিলেন।